গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
সাধারণ বীমা ভবন, সিএন্ডবি মোড়, রাজশাহী
অডিট, আইন ও সমিতি শাখা
www.coop.rajshahidiv.gov.bd

" বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন ''

**নম্বর:** ৪৭.৬১.০০০০.২৪২.১৮.০০৪.১৩.৯৬৭

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**নোটিশ**

বিষয়: **নৈতিকতা কমিটির সভার নোটিশ।**

বিভাগীয় সমবায় দপ্তর, রাজশাহী এর জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা আগামী ১৩/০৪/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ টায় অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সদস্যকে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

০১) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্র সংক্রান্ত আলোচনা।

০২) বিবিধ।

১২-০৪-২০২৩
মোঃ নূরুন্নবী
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮৮৫৫৫৪৬
jr.rajshahi@coop.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জনাব মোছাঃ শাহানা শিল্পী, উপ নিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী;

২। জনাব মোঃ জাহিদ কাদের,পরিদর্শক, বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী এবং

৩। জনাব রিজিয়া সুলতানা,মহিলা সহকারী পরিদর্শক, বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
সাধারণ বীমা ভবন, সিএন্ডবি মোড়, রাজশাহী
অডিট, আইন ও সমিতি শাখা
www.coop.rajshahidiv.gov.bd

" বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন "

## নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নূরুন্নবী<br>বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৩/০৪/২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | দুপুর ১২.০০ টা। |
| স্থান | বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' তে। |

জনাব মোঃ নূরুন্নবী, যুগ্ম নিবন্ধক (অ.দা), বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী এর সভাপতিত্বে ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীতে নৈতিকতা কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কাজ শুরু হয়।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী মোতাবেক বিষয়সমূহ উপস্থাপন করার জন্য নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট, জনাব মোছাঃ শাহানা শিল্পী, উপ নিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী কে নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনার পরিপ্রেক্ষিতে নিম্ন ছকে বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সূচক ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন। | নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত আলোচনায় কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রতি ত্রৈমাসের মধ্যে একটি করে নৈতিকতা কমিটির সভা করার জন্য সভাপতি নৈতিকতা কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে জেলাগুলোকে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়। | ১) প্রতি ত্রৈমাসের প্রথম মাসের ১৫ তারিখের মধ্যে সূচক সমূহের লক্ষ্যমাত্রা ও অর্জন নিয়ে সভা অনুষ্ঠান করতে হবে।<br>২) জেলাগুলোকে সভা অনুষ্ঠান করে এ দপ্তরে রেজুলেশন প্রেরণ করতে হবে। | ১) নৈতিকতা কমিটি।<br>২) জেলা সমবায় কর্মকর্তা, (সকল)। |
| ২. | ১.২ নৈতিকতা কমিটির সভা সিদ্ধান্ত বাস্তবায়ন। | কর্ম পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এর লক্ষ্যমাত্রা ৯০% থাকলেও নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী তা ১০০% বাস্তবায়নের চেষ্টা করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য জেলাগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার বিষয়ে আলোচনা হয়। | ১) জুন/২৩ মাসের শেষ সপ্তাহের মধ্যে নৈতিকতা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তের উপর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং ওয়েব পোর্টালে তা আপলোড করতে হবে।<br>২) জেলা হতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জুন/২৩ খ্রিঃ ৩০ তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করতে হবে এবং ওয়েব পোর্টালে তা আপলোড করতে হবে। | ১) নৈতিকতা কমিটি।<br>২) জেলা সমবায় কর্মকর্তা, (সকল)। |

| ক্রঃ নং | সূচক ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৩. | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহনে সভা | সভায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত নির্ধারিত সময়ের মধ্যে অর্থাৎ লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি ত্রৈমাসে ০১ টি করে মোট ০৪ (চার) টি অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করার বিষয়ে আলোচনা হয়। সে মোতাবেক এ ত্রৈমাসের মধ্যে ০১টি সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয় এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় প্রমাণক সংরক্ষণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা এই ত্রৈমাসের মধ্যে অনুষ্ঠান করতে হবে। ২) এ সংক্রান্ত প্রমাণক সমূহ যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। ৩) এ বিষয়ে জেলাগুলোকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) নৈতিকতা কমিটি। ২) জেলা সমবায় কর্মকর্তা, (সকল)। |
| ৪. | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসনের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টির লক্ষ্যে গত ০২ (দুই) প্রান্তিকে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। যার মাধ্যমে ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন এর লক্ষ্যমাত্রা পূরণ করা হয়েছে। উক্ত বিষয়ে জেলাগুলো তাদের টার্গেট অনুযায়ী প্রশিক্ষণ সম্পাদন করবে মর্মে আলোচনা হয়। | ১) এ বিষয়ে জেলাগুলোকে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ সম্পাদন করতে হবে। | ১) নৈতিকতা কমিটি। ২) জেলা সমবায় কর্মকর্তা, (সকল)। |
| ৫. | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি। | কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কার্যক্রম এর মধ্যে ১) মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা গ্রহণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। ২)পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি সংক্রান্ত অপর ১টি কার্যক্রম চলতি ত্রৈমাসের মধ্যে অর্জনের লক্ষমাত্রা গ্রহণ করা হয়েছে। উক্ত বিষয়ে বিভাগাধীন জেলাগুলোকে তাঁদের দপ্তরের গৃহিত কার্যক্রম যথাসময়ে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে আলোচনা হয়। | ১) ২৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে উক্ত কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২) উক্ত বিষয়ে জেলাগুলোকে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১) নৈতিকতা কমিটি। ২) জেলা সমবায় কর্মকর্তা, (সকল)। |
| ৬. | ২.১ ২০২২-২৩ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | গত ৩১/০৭/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে এ দপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে। | ১) যথা সময়ে তা প্রণয়ন করা হয়েছে এবং ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে। | ১) নৈতিকতা কমিটি। |
| ৭. | ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ। | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ এর জন্য রেজিষ্টারে সেবা গ্রহীতার মতামত গ্রহণ করা হচ্ছে। রেজিষ্টার হালনাগাদ রয়েছে এবং এ কার্যক্রম চলমান থাকবে মর্মে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ এর কার্যক্রম চলমান থাকবে। | ১) নৈতিকতা কমিটি। |

| ক্রঃ নং | সূচক ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৮. | ৩.২ অডিট কার্যক্রমে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ১ কোটি টাকার উর্দ্ধে কার্যকর মূলধন রয়েছে এরূপ ১৫টি প্রাথমিক সমিতির অডিট কার্যক্রম ভিন্ন দপ্তরের অডিট অফিসার/টিম কর্তৃক সম্পাদন। | ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী অডিট কার্যক্রমে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ০১ (এক) কোটি টাকার উর্দ্ধে কার্যকর মূলধন রয়েছে এরূপ ১৫(পনেরো) টি প্রাথমিক সমিতির অডিট কার্যক্রম ভিন্ন দপ্তরের অডিট অফিসার/টিম কর্তৃক সম্পাদন বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। গত ত্রৈমাসের মধ্যে ১০(দশ) টি প্রাথমিক সমিতির অডিট কার্যক্রম সম্পাদনপূর্বক সমিতিসমূহের তালিকা ও প্রত্যায়নপত্র প্রমাণক হিসাবে ঢাকায় প্রেরণ করা হয়েছে। চলতি ত্রৈমাসের মধ্যে লক্ষ্যমাত্রা অনুসারে ০৫টি প্রাথমিক সমিতির অডিট কার্যক্রম সম্পাদনপূর্বক সমিতি সমূহের তালিকা ও প্রত্যায়নপত্র প্রমাণক হিসাবে ঢাকায় প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া এ বিষয়ে জেলাগুলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) ৩য় ত্রৈমাসের মধ্যে আবশ্যিক ভাবে ১০(দশ) টি প্রাথমিক সমিতির অডিট কার্যক্রম সম্পাদন করতে হবে। সেইসাথে প্রত্যায়নপত্র ও অডিট প্রতিবেদন এর নামের তালিকা ঢাকায় প্রেরণ করতে হবে এবং অডিট নোট প্রমাণক হিসাবে এ দপ্তরে সংরক্ষণ করতে হবে।<br>২) জেলা গুলোকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | ১) নৈতিকতা কমিটি।<br>২) বরাদ্দ প্রাপ্ত অডিট অফিসার/ টিমের দলনেতা। |
| ৯. | ৩.৩ বিভাগাধীন ০৬টি কেন্দ্রীয় সমবায় সমিতির নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন। | বিভাগাধীন ০৬ (ছয়) টি কেন্দ্রীয় সমবায় সমিতির নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন কার্যক্রম গ্রহণ করা হয়। তদানুসারে গত প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুসারে এ পর্যন্ত ০৪ (চার) টি জেলার ০৪ (চার) টি কেন্দ্রীয় সমবায় সমিতির নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন কার্যক্রম হিসাবে নির্বাচন প্রসিডিং যাচাইপূর্বক প্রতিবেদন প্রমাণক হিসাবে ঢাকায় প্রেরণ করা হয়েছে। চলতি ত্রৈমাসের লক্ষ্যমাত্রা ০২ (দুই) টি জেলার ০২ (দুই) টি কেন্দ্রীয় সমবায় সমিতির নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন কার্যক্রম হিসাবে নির্বাচন প্রসিডিং যাচাইপূর্বক প্রতিবেদন দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) লক্ষ্যমাত্রা অনুসারে ০২ (দুই) টি জেলার ০২ (দুই) টি কেন্দ্রীয় সমবায় সমিতির নির্বাচন প্রক্রিয়ার প্রসিডিং যাচাইপূর্বক ৩০ শে জুন এর মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | ১) নৈতিকতা কমিটি। |
| ১০. | ২০২২ সালে নিবন্ধিত প্রাথমিক সমিতির কার্যক্রমে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বিভাগাধীন ৮টি দপ্তরের নিবন্ধন নথি যাচাই। | নিবন্ধিত প্রাথমিক সমিতির কার্যক্রমে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ৩০/০৬/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে এ বিভাগাধীন ০৮ (আট) টি দপ্তরের নিবন্ধন নথি যাচাই এর বিষয়ে আলোচনা করা হয়। ইতিমধ্যে গত ত্রৈমাস পর্যন্ত ০৭ (সাত) টি দপ্তরের নিবন্ধন নথি যাচাই কার্যক্রম সম্পাদন করা হয়েছে। টিম কর্তৃক এ প্রান্তিকে পরিদর্শনযোগ্য বাকী ০১(এক) টি দপ্তরের নিবন্ধন নথি যাচাইয়ের প্রতিবেদন দাখিল বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) এ প্রান্তিকের মধ্যে বাকী ০১ (এক) টি দপ্তরের নিবন্ধন নথি যাচাইপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।<br>৩) এ বিষয়ে জেলাগুলোকে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেয়া হয়। | ১) নৈতিকতা কমিটি।<br>২) বিভাগীয় নিবন্ধন নথি টিমের দলনেতা।<br>৩) জেলা সমবায় কর্মকর্তা, (সকল)। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮-০৪-২০২৩
মোঃ নূরুন্নবী
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮৮৫৫৫৪৬
jr.rajshahi@coop.gov.bd

তারিখ: ৫ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৭.৬১.০০০০.২৪২.১৮.০০৪.১৩.৯৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, রাজশাহী;
২। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, নওগাঁ;
৩। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, নাটোর;
৪। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, চাঁপাইনবাবগঞ্জ;
৫। জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, জেলা সমবায় কার্যালয়, বগুড়া;
৬। জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস,সিরাজগঞ্জ;
৭। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, পাবনা;
৮। জেলা সমবায় কর্মকর্তা , জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস,জয়পুরহাট এবং
৯। নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।

১৮-০৪-২০২৩
মোঃ নূরুন্নবী
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক (অতিরিক্ত দায়িত্ব)

**বিভাগীয় সমবায় দপ্তর, রাজশাহীতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে**
**নৈতিকতা কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীর তালিকা:**

স্থান : বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।
তারিখ : ১৩ এপ্রিল ২০২৩ খ্রিঃ।
সময় : সকাল ১২.০০ টা।
**পরিশিষ্ট 'ক'**

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব মোছাঃ শাহানা শিল্পী | উপ-নিবন্ধক (প্রশাসন)<br>ও<br>সদস্য, ফোকাল পয়েন্ট | |
| ২. | জনাব মোঃ জাহিদ কাদের | পরিদর্শক<br>ও<br>সদস্য | |
| ৩. | জনাব রিজিয়া সুলতানা | মহিলা সহঃ পরিদর্শক<br>ও<br>সদস্য সচিব | |

# নৈতিকতা কমিটির সভার ছবি



